# বিচার বিভাগের বড় সংকট মানবিক মূল্যবোধসম্পন্ন বিচারক: আইনমন্ত্রী




আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

বিচার বিভাগের প্রধান চ্যালেঞ্জ হিসেবে মানবিক মূল্যবোধসম্পন্ন বিচারকের অভাবের কথা উল্লেখ করেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেছেন, বিচারকের আসনে এমন ব্যক্তিদের বসতে হবে, যাদের প্রতি মানুষ সৃষ্টিকর্তার পরেই সর্বোচ্চ আস্থা রাখতে পারে।

শুক্রবার (৭ আগস্ট) সকালে ঝিনাইদহের শৈলকূপা উপজেলা পরিষদ মিলনায়তনে শিল্পী মুস্তফা মনোয়ারের স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, বিচার বিভাগের সংকট নিয়ে মানুষের বিভিন্ন ধরনের মূল্যায়ন রয়েছে। কেউ দুর্নীতিকে, কেউ দালালচক্রকে, আবার কেউ প্রাতিষ্ঠানিক দুর্বলতাকে বড় সমস্যা হিসেবে দেখেন। তবে তাঁর মতে, সবচেয়ে গুরুত্বপূর্ণ সংকট হলো মানবিকতা, ন্যায়বোধ ও নৈতিক মূল্যবোধে সমৃদ্ধ বিচারকের ঘাটতি।

তিনি বলেন, বিচারকের দায়িত্ব অন্য যেকোনো চাকরির মতো নয়। এই দায়িত্ব পালনের জন্য ন্যায়বিচার প্রতিষ্ঠার মানসিকতা থাকতে হবে। বিচারকরা যদি সেই আদর্শ নিয়ে দায়িত্ব পালন করেন, তাহলে দেশে একটি স্বচ্ছ, স্বাধীন, নিরপেক্ষ ও জনগণের আস্থাভাজন বিচারব্যবস্থা প্রতিষ্ঠা সম্ভব।

বক্তব্যে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রসঙ্গও তুলে ধরেন আইনমন্ত্রী। তিনি বলেন, শেখ হাসিনা দেশে ফিরলে আইনের মুখোমুখি হবেন এবং প্রচলিত আইন অনুযায়ী বিচারিক প্রক্রিয়া চলবে। তাঁর ভাষায়, মানুষের ক্ষমতার চেয়ে আইনের ক্ষমতা অধিক শক্তিশালী এবং শেষ পর্যন্ত আইনই তার নিজস্ব গতিতে কার্যকর হবে।